

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.৪২.২০২২. ৫২৮

তারিখ: ০৬ এপ্রিল ১৪৩০ বঙ্গাব্দ
২২ নভেম্বর ২০২৩ খ্রি.

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ


যেহেতু, আপনি ড. ছদরুদ্দিন আহমদ, অধ্যক্ষ, সরকারি মুজিব কলেজ, সখিপুর টাঙ্গাইল এর বিরুদ্ধে উক্ত কলেজের ১৭ (সতেরো) টি ডেস্কটপ ও ০২ (দুই) টি ল্যাপটপসহ বঙ্গামাতা ফজিলাতুন্নেছা কম্পিউটার ল্যাব ধ্বংস করে ডাইনিং ও ডেকোরেটেড বাসস্থান বানিয়ে বসবাস এবং কলেজ চত্বরের গাছ কর্তন করে টাকা আত্মসাত করেছেন মর্মে তদন্তে প্রমাণিত হওয়ার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩(গ) অনুযায়ী “অসদাচরণ” ও “দুর্নীতি”এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত মামলায় আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ১৮/০৫/২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। উক্ত জবাব সন্তোষজনক না হওয়ায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক মতামত প্রদান করা হয়;

যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনের প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩(গ) অনুযায়ী “অসদাচরণ” ও “দুর্নীতি” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে আপনাকে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, আপনি ড. ছদরুদ্দিন আহমদ, অধ্যক্ষ, সরকারি মুজিব কলেজ, সখিপুর টাঙ্গাইল-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩(গ) অনুযায়ী “অসদাচরণ” ও “দুর্নীতি”এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একই বিধিমালার ৭(৯) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত বা বিধিতে বর্ণিত অন্য কোনো গুরুদণ্ড প্রদান করা হবে না তার জবাব এ নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো।


২২/১১/২৩
(সোলেমান খান)
সচিব

সংযুক্ত: তদন্ত প্রতিবেদনের অনুলিপি ০৫ (পাঁচ) ফর্দ।

বর্তমান কর্মস্থল:

ড. ছদরুদ্দিন আহমদ

অধ্যক্ষ

সরকারি মুজিব কলেজ, সখিপুর টাঙ্গাইল।

স্থায়ী ঠিকানা:

ড. ছদরুদ্দিন আহমদ

পিতা: মো: ওসমান গণি


গ্রাম: কলেজ পাড়া, সখিপুর:

থানা: সখিপুর, জেলা: টাঙ্গাইল।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব